

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি



স্মারক নং: উবি-০৬/২০০৭-১৭১৭৫

তারিখ: ২১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ
০৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়: শিশু শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শ্রেণিকার্যক্রমের সময় পরিবর্তন প্রসঙ্গে।

শিশু শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে,

১। শিশু শ্রেণির ক্লাস সপ্তাহে প্রতি রবিবার ও মঙ্গলবার নিম্নবর্ণিত সংশোধিত সময় অনুযায়ী বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। বাকি দিনগুলোতে অনলাইন ক্লাস পূর্বের অনলাইন রুটিন অনুযায়ী যথারীতি চলবে।

শ্রেণি	আগমনের সময়	শ্রেণিকার্যক্রমের সময়	ছুটির সময়	প্রবেশ	বাহির
শিশু	১০:৫০	১১:০০ - ০১:২০	০১:২০	৩ নং গেইট	২ নং গেইট

২। ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের শ্রেণিকার্যক্রম সপ্তাহে রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত সংশোধিত রুটিন ও সময় অনুসারে অনুষ্ঠিত হবে। সংশোধিত রুটিন যথাসময়ে শিক্ষার্থীদের জানিয়ে দেওয়া হবে। অনলাইন শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। শিক্ষার্থীদের আগমন, প্রস্থান শ্রেণিকার্যক্রমের সময়সূচি নিম্নরূপ:

শ্রেণি	আগমনের সময়	শ্রেণিকার্যক্রমের সময়	ছুটির সময়	প্রবেশ	বাহির
১ম	১০:৫০	১১:০০ - ০১:২০	০১:২০	১ নং গেইট	১ নং গেইট
২য়	১০:৫০	১১:০০ - ০১:২০	০১:২০	১ নং গেইট	৩ নং গেইট
৩য়, ৪র্থ, ৫ম	০৭:৫০	০৮:০০ - ১০:৪০	১০:৪০	৩ নং গেইট	২ নং গেইট

** ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ছাত্ররা ২ নম্বর সিঁড়ি দিয়ে নেমে ২ নম্বর গেইট দিয়ে বের হবে এবং ছাত্রীরা ১ নম্বর সিঁড়ি দিয়ে নেমে ২ নম্বর গেইট দিয়ে বের হবে।

৩। ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ৪র্থ পিরিয়ডের পর ছুটি হবে। (ছুটির সময় ১০:৪০ মিনিট)

বি: দ্র: শিক্ষার্থীরা উপরিউক্ত বিষয়গুলোর পাশাপাশি নিম্নবর্ণিত বিষয়ের উপর গুরুত্ব আরোপ করবে:

- শিক্ষার্থীরা বিদ্যালয় কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান করবে।
- শিক্ষার্থীরা আগমনের নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সুশৃঙ্খলভাবে বিদ্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করবে।
- স্কুল চলাকালে শিক্ষার্থীরা ফ্লোর পরিবর্তন করবে না (নির্ধারিত ফ্লোরে অবস্থান করবে)।
- ছুটির সময় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের ক্রমানুসারে (রুম নম্বর অনুসারে) নির্ধারিত সিঁড়ি ব্যবহার করে শিক্ষকের তত্ত্বাবধানে নিচে নামবে।
- শিক্ষার্থীদেরকে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- শিক্ষার্থীরা বিদ্যালয়ে মোবাইল বা কোনোপ্রকার ইলেকট্রনিক ডিভাইস আনা থেকে সম্পূর্ণ বিরত থাকবে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ